# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

=========================================================

১) উৎসবের মরসুম ছাড়াও অন্যান্য সময় রাজ্যেকে সড়ক দুর্ঘটনা থেকে মুক্ত রাখতে সরকারের বিভিন্ন ব্যবস্থা গ্রহণ ।

২) আলফা স্বাধীনকে অবৈধ সংগঠন হিসেবে পরগনিত করার বিষয়টি বিবেচনা করতে গৌহাটি হাই কোর্টের বিচারপতি মাইকেল জোথানখুমাইর নেতৃত্বে একটি বিচার বিভাগীয় ট্রাইবুন্যাল গঠন ।

৩) কাছাড় এবং নগাও কাগজকলের কর্মচারীদের আগামী ২১ দিনের মধ্যে ভবিষ্যনিধির প্রাপ্য অর্থ মিটিয়ে দিতে জাতীয় কোম্পানী আইন আপীল আদালতের নির্দেশ ।

এবং

৪) বরাক উপত্যকার তিন জেলায়ও বড়দিন উদযাপনের প্রস্তুতি সম্পূর্ণ ।

---

চলতি বছরে রাজ্যে সড়ক দুর্ঘটনা ৭২ দশমিক ৫ - ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে । তবে দুর্ঘটনায় মৃত্যুর হার গত বছরের তুলনায় এ বছর ১৪ দশমিক ২ - ৮ শতাংশ হ্রাস পেয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ পুলিশ , পরিবহণ সহ বেশ কয়েকটি বিভাগের শীর্ষ আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে এই তথ্য প্রকাশ করে

বলেছেন যে গত বছর রাজ্যে ৬ হাজার ৬শো ৯৮টি সড়ক দুর্ঘটনা সংঘটিত হওয়ার বিপরীতে এবার সমগ্র রাজ্যে ১১ হাজার ৫শো ৫৮টি দুর্ঘটনা সংঘটিত হয়েছে । ডক্টর শর্মা বলেন যে উৎসবের মরসুম ছাড়াও অন্যান্য সময়ে রাজ্যকে সড়ক দুর্ঘটনা মুক্ত করতে সরকার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে সরকার সংকল্পবদ্ধ । আজকের বৈঠকে মুখ্যমন্ত্রী আইন বলবৎকারী সংস্থাগুলির আধিকারীকদের অনুজ্ঞাবিহীন চালক , সাবধানতা আবলম্বন না করে গাড়ী চালানো ব্যাক্তি এবং মাতাল চালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও ঘন কুয়াশার সময় সড়কের সংকেতগুলি দৃশ্যমান করে তুলতে নির্দেশ দেন । তিনি বলেন যে সমগ্র রাজ্যকে সড়ক দুর্ঘটনা থেকে মুক্ত রাখতে সরকার রাত ১০টার পর মাতাল গাড়ি চালকদের চিহ্নীত করতে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে । বৈঠকে ডক্টর শর্মা বাণিজ্যিক ট্রাক তথা অন্যান্য বাহনের পেছনে প্রতিফলক লাগানোর ব্যবস্থা কার্যকর করতে সীমান্তবর্তী জেলাগুলির পুলিশ সুপারদের বিশেষ নির্দেশ প্রদান করেন ।

---

কেন্দ্রীয় সরকার আসামের নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন আলফা ( স্বাধীন )-কে অবৈধ সংগঠন হিসেবে পরিগণিত হওয়ার পর্যাপ্ত কারণ রয়েছে কি না সেই বিষয়টি বিবেচনা করতে গৌহাটি হাই কোর্টের বিচারপতি মাইকেল জোথানখুমাইর নেতৃত্বে একটি বিচার বিভাগীয় ট্রাইবুন্যাল গঠন করেছে । এই ট্রাইবুন্যাল সংগঠনটির অন্যান্য গোষ্ঠী এবং শাখা সম্পর্কে অনুসন্ধান চালাবে ।

উল্লেখ্য যে ১৯শো ৯০ সালে কেন্দ্রীয় সরকার অপরাধমূলক কার্যকলাপ , বলপূর্বক অর্থ আদায় এবং বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের সঙ্গে জড়িত থাকার অভিযোগে আলফা স্বাধীনকে চিহ্নীত করে এই সংগঠনকে নিষিদ্ধ উগ্রপন্থী সংগঠন হিসেবে ঘোষণা করেছিল । এর পর পরিস্থিতি বিবেচনা করে প্রতি ৫ বছর পর পর এই সংগঠনের বিরুদ্ধে থাকা নিষেধাজ্ঞা পুনরায় বলবৎ করে হয় । অরবিন্দ রাজখোয়া নেতৃত্বাধীন আলফার সঙ্গে কেন্দ্রীয় সরকারের গতবছর ২৯ ডিসেম্বর শান্তি চুক্তি সাক্ষরিত হয়েছিল । তবে এই সংগঠনের স্বঘোষিত প্রধান পরেশ বরুয়া নেতৃত্বাধীন স্বাধীনপন্থী আলফা গোষ্ঠী এই আলোচনা প্রক্রিয়ায় অংশ গ্রহণ করে নি ।

---

কেন্দ্রীয় সরকার পঞ্চম এবং অষ্টম শ্রেণীর বার্ষিক পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের পরবর্তী শ্রেনীতে উন্নিত করার পূর্বের নীতি বাতিল করেছে । এখন থেকে পঞ্চম এবং অষ্টম শ্রেণীর পরীক্ষায় নির্ধারিত নম্বর লাভ করতে অসমর্থ ছাত্র-ছাত্রীদের অনুত্তীর্ণ বলে ঘোষণা করা হবে । তবে অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের পরবর্তী ২ মাসের মধ্যে পুনরায়

পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে । কেন্দ্রীয় সরকার পুরনো ব্যবস্থা ফিরিয়ে এনে নতুন শিক্ষা নীতির আধারে গতকাল এই মর্মে একটি অধিসূচনা জারী করেছে । পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া ছাত্র-ছাত্রীদের অষ্টম শ্রেণী পর্যন্ত বিদ্যালয় কর্তৃপক্ষ বিদ্যালয় থেকে বের করতে পারবে না বলেও অধিসূচনায় উল্লেখ করা হয়েছে । উল্লেখ্য যে ছাত্র-ছাত্রীদের শিক্ষণ ক্ষমতা উন্নত করার উদ্দেশ্যেই সরকার এই নীতির বদল ঘটিয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

কাছাড় এবং নগাও কাগজকলের কর্মচারীদের আগামী ২১ দিনের মধ্যে ভবিষ্যনিধির প্রাপ্য অর্থ মিটিয়ে দিতে জাতীয় কোম্পানী আইন আপীল আদালত নির্দেশ প্রদান করেছে । ২০১৫ সালে কাছাড় কাগজকল এবং ২০১৭ সালে নগাও কাগজকলের বন্ধ হয়ে যাওয়ার পর উভয় কাগজকলের কর্মচারীরা ভবিষ্যনিধির অর্থের জন্য আইনী লড়াই শুরু করেছিল । আদালত কর্মচারীদের পক্ষে রায়দান করে সরকারী প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকা লিকুইডিটর কুলদীপ বার্মাকে ভবিষ্যনিধির অর্থ তাৎক্ষণিকভাবে প্রদান করার নির্দেশ প্রদান করে । কাগজকল দুটির যৌথ কার্যকরী সমিতি জানিয়েছে যে আদালতের এই রায় শুধুমাত্র এই দুটি কাগজকলের জন্য নয় অন্যান্য প্রতিষ্ঠানের কর্মচারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে । কোন প্রতিষ্ঠান কর্মচারীদের ভবিষ্যনিধির প্রাপ্য অর্থ না দিলে কর্মচারীরা এই রায়ের আধারে সেই অর্থ আদায় করতে পারবেন । উল্লেখ্য যে ২০২২ সালের ২৮ মার্চ আসাম সরকার বন্ধ থাকা হিন্দুস্থান পেপার কর্পোরেশন লিমিটেডের অধীন কাগজকল দুটির সম্পত্তির কর্তৃত্ব গ্রহণ করা ছাড়াও ৩ মাসের বেতন প্রদান করে আনুষ্ঠানিকভাবে এই দুটি কাগজকল বন্ধ করার কথা ঘোষণা করেছিল ।

-------------------------------------------------------------------------------------------

আজ জাতীয় গ্রাহক দিবস । গ্রাহক আন্দোলনের গুরুত্ব তথা প্রত্যেক গ্রাহকের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য প্রতিবছর আজকের দিনটিতে জাতীয় দিবস পালন করা হয় । উল্লেখ্য আজকের দিনে গ্রাহক সুরক্ষা আইন ,১৯৮৬ প্রণয়ন করা হয়েছিলো । এই আইনের লক্ষ্য হচ্ছে গ্রাহকদের বিভিন্ন ধরণের শোষণের বিরুদ্ধে ফলপ্রসূ সুরক্ষা প্রদান করা ।

-------------------------------------------------------------------------------------------

ভারতীয় রেলের পক্ষ থেকে দিবাঙ্গ্য যাত্রীদের স্মার্ট কার্ড রেজিস্ট্রেশনের জন্য ডিজিটেল আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে ।  দৃষ্টিহীন , মানসিক প্রতিবন্ধী ,শ্রবন ও বাকশক্তিহীন ব্যাক্তি এবং অস্থিরোগ জনিত দিব্যাঙ্গ যাত্রীরা রেহাই মূল্যে রেলের টিকিট লাভ করার

জন্য নিজেদের ফোটো পরিচয় পত্র ইস্যু বা পুর্ন নবীকরনের জন্য ডিজিটালী আবেদন করতে পারবেন । বিশদ বিবরন উত্তর-পূর্ব সীমান্ত রেলের ওয়েব সাইটে পাওয়া যাচ্ছে ।

------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় বরদিন উপলক্ষ্যে গীর্জাগুলিতে প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে । আজ মধ্যরাতের সমবেত প্রার্থনার জন্য গীর্জাগুলিকে সাজিয়ে তোলা হয়েছে । উপত্যকার ব্যাপটিস্ট ও ক্যাথলিক চার্চগুলি আলোকসজ্জা , খ্রীসমাস ট্রি ,রং-বেরংয়ের ফুল ,তারা ইত্যাদিতে সেজে উঠেছে । খ্রীষ্টান ধর্মাবলম্বীদের বাসভবনগুলিও আলোকসজ্জায় সাজিয়ে তোলা সহ ঘরে ঘরে নানারকমের খাদ্য প্রস্তুত করা হচ্ছে । উল্লেখ্য প্রভু যীশুর জন্মকে স্বাগত জানাতে আজ মধ্যরাত থেকেই চার্চগুলি ভক্তদের সমবেত প্রার্থনা ও ক্রীসমাস ক্যারলে মুখরিত হয়ে উঠবে । এদিকে বড়দিনের প্রাকসন্ধ্যায় রাজ্যে বিভিন্ন স্থানে খ্রীষ্টধর্মাবলম্বী লোকেদের মধ্যে আনন্দ -উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । এ উপলক্ষ্যে গীর্জাঘর সহ নিজ নিজ বাসগৃহগুলিতেও রং-বেরংয়ের ফুল ,তারা, খ্রীসমাস ট্রি ও আলোকসজ্জায় সাজিয়ে তোলা হয়েছে । আজ মধ্যরাত থেকে গীর্জাগুলিতে বড়দিনের বিশেষ সমবেত প্রার্থনা সহ ক্যারল পরিবেশন করা হবে । প্রভু যীশুর প্রশংসা ও স্তুতি সঙ্গীতে ইতিমধ্যে রাজ্যের গীর্জাগুলি মুখর হয়ে উঠেছে ।

পার্শ্ববর্তী রাজ্য মেঘালয়ের রাজধানী শিলংও বড়দিনের আনন্দ -উল্লাসে মেতে উঠেছে । শিলংয়ের বড়দিন উপভোগ করার জন্য দেশ-বিদেশের বহু পর্যটকদের আগমণ পরিলক্ষিত হয়েছে । কোহিমা ,আইজল ,তুরা ইত্যাদি সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন স্থান থেকে বড়দিনের প্রাক্-সন্ধ্যায় আনন্দ উদ্দীপনায় বড়দিন উদযাপনের ব্যাপক প্রস্তুতির খবর পাওয়া গেছে ।

------------------------------------------------------------------------------------------

প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক শ্যাম বেনেগালের শেষকৃত্য আজ বিকেলে মুম্বইর শিবাজী পার্ক শ্মশানে সম্পূর্ণ রাজ্য মর্যাদায় সম্পন্ন হয়েছে । শেষকৃত্যে পরিচালকের কন্যাদ্বয় নীরা ও পিয়া সহ হিন্দী চলচ্চিত্র জগতের খ্যাতনামা অভিনেতা নাসিরুদ্দিন শাহ ,কূলভূষণ খারবান্দা ,রত্না পাঠক শাহ ,গায়িকা তথা অভিনেত্রী ইলা অরুণ , লেখক ,কবি ,পরিচালক গুলজার ,লেখক জাভেদ আখতার প্রমূখ উপস্থিত ছিলেন ।
এর আগে পরিচালকের নশ্বর দেহ মুম্ব ইর পেডার রোডে থাকা তাঁর বাসভবন থেকে একটি সুসজ্জিত বাহনে শিবাজী পার্ক বৈদ্যুতিক শ্মশানে নিয়ে আসা হয় ।

উল্লেখ্য দীর্ঘদিন ধরে কিডনি রোগে আক্রান্ত থাকা চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল গতকাল মুম্বইয়ে শেষনিঃশ্বাস ত্যাগ করেন ।বয়স হয়েছিলো ৯০ । ৭০ ও ৮০র দশকে নিউ ওয়েভ সিনেমায় হিন্দী ছবির জগতে নতুন ধারার সূচনা করা শ্যাম বেনেগালের উল্লেখযোগ্য ছবির মধ্যে অন্যতম হচ্ছে অঙ্কুর ,মন্থন ,ভূমিকা ,জুনুন,কলিযুগ ,ত্রিকাল ,সর্দারী বেগম ,জুবেইদা ইত্যাদি । ১৮ টি জাতীয় চলচ্চিত্র পুরস্কার এবং একটি ফিল্ম ফেয়ার পুরস্কারে তিনি ভূষিত হয়েছিলেন ।২০০৫ সালে দাদা সাহেব ফালকে ,১৯৭৬ সালে পদ্মশ্রী এবং ১৯৯১ সালে পদ্মভূষণ সম্মানে তাঁকে সম্মানিত করা হয় ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর শ্যাম বেনেগালের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে বেনেগালের চলচিত্র সমূহের কাহিনী কথার রীতি ভারতীয় চলচিত্র জগতে গভীর প্রভাব বিস্তার করেছিলো। তাঁর অবদানসমূহ সর্বদা স্মরণীয় হয়ে থাকবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

---

ডিব্রুগড় বিমানবন্দরের সম্প্রসারিত রানওয়েটি ২০২৫ সালে কর্মক্ষম হয়ে উঠবে বলে বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী তথা ডিব্রুগড় লোকসভা কেন্দ্রের সাংসদ সর্বানন্দ সনোয়ালের পৌরহিত্যে গতকাল অনুষ্ঠিত উপদেষ্টা সমিতির এক বৈঠকে কর্তৃপক্ষ একথা জানান । বৈঠকে বিমানবন্দরটি যাতে দেশের অন্য আর্ন্তজাতিক বিমান বন্দরের সঙ্গে যুক্ত হতে পারে তারজন্য প্রয়োজনীয় সব পরিকাঠামোমূলক ব্যাবস্থা উন্নত করা সহ যাত্রীদের চলাচলের সুবিধা অধিক সূচল করার লক্ষ্যে কার্যব্যাবস্থা গ্রহণ করতে কেন্দ্রীয় মন্ত্রী পরামর্শ দেন ।

---

কাছাড় জেলার সোনাইর আমজাদ আমীন রাউল নামের এক যুবক ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ( ইসরোর ) বিজ্ঞানী হিসেবে নিযুক্তি লাভ করেছে । ইসরোর কেন্দ্রীয় নিযুক্তি বোর্ডের প্রকাশ করা ১৪৩ জনের বাছাই তালিকায় আমজাদ আমীন রাউল ১১তম স্থান দখল করতে সক্ষম হয়েছে । সোনাই বিধানসভা আসনের অধীন নগদিরগ্রাম তৃতীয় খন্ডের বাসিন্দা রাহুল শিলচরের সরকারী বিদ্যালয় থেকে দশম শ্রেনী উত্তীর্ণ হয়ে শিলচর এন আই টিতে স্নাতক ডিগ্রী লাভ করে । এরপর আই আই টি খড়কপুরে ম্যাকানিকেল পাঠ্যক্রম গ্রহণ করে । এই সময়কালেই রাহুল ইসরোর বাছাই পরীক্ষায় অবতীর্ণ হয়ে এই সফলতা অর্জন করে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে জেলার ভোট কেন্দ্রগুলির রেশনেলাইজেশন নিয়ে আজ জেলা আয়ুক্তের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত

হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় নির্বাচন আধিকারীক জানান যে শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা আগামী ২৮শে ডিসেম্বর প্রকাশ করা হবে । চূড়ান্ত তালিকা প্রকাশের আগে ,কোন রাজনৈতিক দলের কর্মকর্তা , ব্যাক্তির যদি কোন দাবী-আপত্তি থাকে , তবে তা আগামী ২৭শে ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট নির্বাচনী আধিকারীকের কাছে জমা করতে হবে । পাশাপাশি সভায় জানানো হয় যে যেসব ভোট কেন্দ্রে ১২শ -র অধিক ভোটার রয়েছেন , সেখানে পৃথক ভোট কেন্দ্র স্থাপন করা হবে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার উত্তর শ্রীভূমি বিধানসভার কেন্দ্রের খেল মহারনের দ্বিতীয় পর্বের আজকের প্রতিযোগীতা মালুয়া শ্রীগৌরী গ্রামের আংগাং খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে । আজ সকালে ভলিবল ও ফুটবল প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের প্রতিটি অঞ্চলের ছেলে-মেয়েরা প্রতিযোগীতায় অংশগ্রহন করেছে । উল্লেখ গত ২৩শে ডিসেম্বর থেকে শুরু হওয়া উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের খেল মহারনের সমাপ্তি অনুষ্ঠান আগামীকাল জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------